

12000
৩০/১০/২০২০

প্র/ম
কলেজ লোডিং ফোর্স ও
ডায়েরি প্রচারের স্বতন্ত্র
বিভাগ, স্বতন্ত্র তিনটি কর্মসূচী
কর্মচারী স্বতন্ত্র অধিভুক্ত কর্মসূচী
সংক্রিয় ৩০/১০/২০২০

প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি কলেজ শাখা-৩
www.dshe.gov.bd
ঢাকা



তারিখ: ২২ আশ্বিন ১৪২৭
০৭ অক্টোবর ২০২০

সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, যুগোপযোগী ও আধুনিক রাষ্ট্র গড়ে তোলার জন্য বর্তমানে সামাজিক যোগাযোগের মাধ্যম খুবই গুরুত্বপূর্ণ। সামাজিক যোগাযোগ মাধ্যমে শিক্ষার পাঠদান এবং নীতি প্রণয়ন ও বাস্তবায়নে অনেক ভূমিকা পালন করা হয়। অনলাইনে ক্লাশ, শিক্ষক ও ছাত্রদের মাঝে সম্পর্ক তৈরী করা এবং রাষ্ট্রের সকল ক্ষেত্রে অগ্রযাত্রার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ছাত্র ও শিক্ষকদের মাঝে সচেতনতা তৈরির জন্য নিম্নে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত কিছু নির্দেশনা প্রদান করা হলোঃ

১. সামাজিক যোগাযোগের বিভিন্ন মাধ্যমে সরকার বা রাষ্ট্রের ভাবমূর্তি ক্ষুর হয়, এমন কোন পোস্ট, ছবি অডিও বা ভিডিও আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে। একই সঙ্গে জাতীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি, প্রতিষ্ঠান বা অন্য কোন সার্ভিস বা পেশাকে হেয় প্রতিপন্ন করে, এমন কোন পোস্ট দেওয়া থেকেও বিরত থাকতে হবে;
২. জাতীয় ঐক্য ও চেতনার পরিপন্থী কোন রকম তথ্য উপাত্ত প্রকাশ করা থেকে বিরত থাকতে হবে। কোন সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে এমন বা ধর্মনিরপেক্ষতা নীতি পরিপন্থী কোন তথ্য উপাত্ত প্রকাশ করা যাবে না। সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট বা আইনশৃঙ্খলার অবনতি ঘটতে পারে, এরূপ কোনো পোস্ট, ছবি, অডিও বা ভিডিও আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;
৩. জনমনে অসন্তোষ বা অশ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে, এমন কোন বিষয় লেখা, অডিও বা ভিডিও প্রকাশ বা শেয়ার করা এবং ভিত্তিহীন, অসত্য বা অশ্রীল তথ্য প্রচার থেকে বিরত থাকতে হবে;
৪. সন্নিপরিষদ বিভাগ কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের গাইডলাইন, চাকরির বিধানাবলি এবং এ সংক্রান্ত সরকারি নির্দেশনা অনুসরণ করে কর্মকর্তাগণ সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করবেন;
৫. প্রতিষ্ঠান প্রধানগণ কোনো কর্মকর্তা-কর্মচারী সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে বিমির ব্যতায় ঘটালে তাত্ক্ষণিকভাবে ব্যবস্থা গ্রহণ করবেন এবং প্রয়োজনে তদন্ত করে এর প্রমাণসহ আঞ্চলিক অফিসের মাধ্যমে মাউশি অধিদপ্তরকে অবহিত করবেন;
৬. সামাজিক যোগাযোগ মাধ্যমে সক্রিয় বিভিন্ন গ্রুপ বা পেজের এডমিনগণ পোস্ট/কমেন্ট ইত্যাদি অনুমোদন করার সময়ে সরকারি নীতিমালার পরিপন্থী, স্ব স্ব প্রতিষ্ঠান, দপ্তর ও সংস্থার বিপক্ষে অবস্থানকারী কোন পোস্ট অনুমোদন করবেন না। অন্যথায় এডমিন এবং পোস্টদাতা উভয়েই সরকারি বিধি অনুযায়ী অতিযুক্ত হবেন এবং তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে সামাজিক যোগাযোগ মাধ্যমে কোন ধরনের শৃঙ্খলা পরিপন্থী ও অশ্রীতিকর কার্যকলাপ যাতে না ঘটে সে ব্যাপারে দৃষ্টি রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭-১০-২০২০
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম কবির
মহাপরিচালক

অধ্যক্ষ (সকল), সরকারি কলেজ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০০১.১৯.৮১/১(৬)

তারিখ: ২২ আশ্বিন ১৪২৭
০৭ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (কলেজ ও প্রশাঃ/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন/ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ৩) উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৪) সহকারী (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৫) পি এ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৬) সংরক্ষণ নথি।

৭-১০-২০২০
ড. শাহ মোঃ আমির আলী
উপপরিচালক (কলেজ-১)